



BANGLADESH COUNCIL FOR CHILD WELFARE-BCCW  
বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ-বাশিকপ

Registered with Department of Social Services, # 201(1962)/ Foreign Donation Registration # 499  
22/1 Topkhana Road, Dhaka-1000, Phone : 02223384257, 02223389760  
E-mail: shishukallyanparishad@gmail.com, Website : www.bccw-bd.org



ফা-এপি-০১/বাশিকপ২০০৬ (প্রশাসন)-প-২১৫

তারিখ : ০৮-১০-২০২১ইং

## প্রেস বিজ্ঞপ্তি



বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতা

## ‘শিশুর জন্য বিনিয়োগ করি, সমৃদ্ধ বিশ্ব গড়ি’ বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদের উদ্যোগে বিশ্ব শিশু দিবস উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা

‘শিশুর জন্য বিনিয়োগ করি, সমৃদ্ধ বিশ্ব গড়ি’ এ প্রতিপাদ্যে বিশ্ব শিশু দিবস ও জাতীয় শিশু সপ্তাহ ২০২১ উপলক্ষে গতকাল শুক্রবার বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ-বাশিকপ শিশুদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করে। চিত্রাঙ্কন প্রতিযোগিতা ৪টি বিভাগে অনুষ্ঠিত হয়। ক বিভাগে প্রতিবন্ধী শিশুদের জন্য উন্মুক্ত; খ বিভাগে ০-৬ বছরের শিশুদের জন্য উন্মুক্ত; গ বিভাগে ৭-১২ বছরের শিশুদের জন্য খেলাধুলা ও গ্রাম বাংলার চিত্র এবং ঘ বিভাগে ১২-১৮ বছরের শিশুদের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক চিত্র আঁকা নির্ধারিত ছিল। প্রতিযোগিতায় বাশিকপ অন্তর্ভুক্ত ৪০টি শিশু সংগঠন ও ঢাকা মহানগরীর বিভিন্ন স্কুলের বিপুলসংখ্যক প্রতিযোগী চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

চিত্রাঙ্কন প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন বাশিকপ সভাপতি ডা. মাখদুমা নাগিস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাশিকপ সাধারণ সম্পাদক মোহাম্মদ মনিরুল আলম, অনুষ্ঠান উদযাপন কমিটির চেয়ারম্যান মোঃ জাকারিয়া পিন্টু, যুগ্ম সম্পাদক নাসের ইকবাল যাদু, কার্যনির্বাহী পরিষদ সদস্য অধ্যাপক মিজানুর রহমান মজুমদার, কাউন্সিলর আবুল কালাম আজাদ, শামীম পারভেজ, আতিকুর রহমান উজ্জল, বিজু মাহমুদ, বাশিকপ পরিচালক ইয়াসমিন আরা ডলি। বিচারকের দায়িত্ব পালন করেন চিত্রশিল্পী ফায়জুল কবির।

নসের ইকবাল

নাসের ইকবাল যাদু  
যুগ্ম সম্পাদক, বাশিকপ  
মোবাইল : ০১৭১২৫৮৫৯১০